আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মাগরিবে সূরা আত-তূর পড়তে শুনেছি।

জুবাইর ইবন মুতইম রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে মাগরিবে সূরা আত-তূর পড়তে শুনেছি।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

সাধারণত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাতে দীর্ঘ, মাগরিবের সালাতে ছোট ও পাঁচ ওয়াক্তের অন্যান্য সালাতে মধ্যম কিরাত তিলাওয়াত করতেন। কিন্তু তিনি কখনও কখনও বৈধতা বর্ণনা করার জন্যে ও অন্য কোন কারণে সাধারণ নিয়ম ত্যাগ করতেন। যেমন এ হাদীসে এসেছে, তিনি মাগরিবের সালাতে সূরা আত-তূর পড়েছেন, যদিও এটি বড় সূরার অন্তর্ভুক্ত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5321